

মাগুরার আর্ট স্কুলে ছাত্ররা ক্লাস করে মাটিতে বসে

মাগুরা সংবাদদাতা ॥ প্রখ্যাত চিত্র ও স্কেচ শিল্পী মরহুম মোস্তফা আজিজের স্মৃতি বিজড়িত মাগুরার একমাত্র আর্ট স্কুলটি আর্থিক অনটনের কারণে ধংসের পথে। শিল্পীর স্মৃতিকে ধরে রাখার জন্য তার ছাত্র নোঃ আজিজুর রহমান আজিজ

স্থানীয় লোকজনের প্রচেষ্টায় "মোস্তফা আজিজ আর্ট স্কুল" নামে-১৯৮৫ (১০ম পৃঃ ডঃ)

(১১শ পৃঃ পর)

সালে নিজ জমিতে একটি আর্ট স্কুল প্রতিষ্ঠা করেন। এ স্কুলের ছাত্র সংখ্যা প্রায় আড়াই শ' কিন্তু তাদের ক্লাস করার মত কোন ভবন নেই। টিনের চালের ঘরের স্কুলে আর্ট

মাগুরার আর্ট

বাঁবপত্র খলতে কিছুই নেই। ছাত্র-ছাত্রীদের জন্য মাত্র ২২টি বেঞ্চ রয়েছে। ছাত্র-ছাত্রীরা মাটিতে বসে ক্লাস করে। ছাত্রদের বেতন দেবার সামর্থ্য নেই। অধিকাংশ গরীব

পিত্তা-মাতার সন্তান। ছাত্রী সংখ্যা প্রায় অধিক। এদের মাসিক বেতন সাময়িক। একজন অধ্যক্ষসহ ৮ জন শিক্ষক রয়েছেন। এরা সকলেই চিত্রশিল্পী। তারা বেতন পান মা। সামান্য সম্মান ও যাতায়াত খরচ নেন।

সতের বছর এ বিদ্যালয়ের

বয়েস অতিক্রম করলেও এ পর্যন্ত কোন অনুদান দেয়া হয়নি। জানা যায়, সাংসদসহ জেলার উচ্চ পর্যায়ের কর্মকর্তারা বিদ্যালয়টি পরিদর্শন করেছেন। আশ্রাসও দিয়েছেন কিন্তু কোন অর্থিক সাহায্য এ পর্যন্ত দেননি। অর্থের অভাবে বিদ্যালয়টি এখন ধংসের পথে।